# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১১৩টি প্রতিষ্ঠানকে ৬.৩১ লক্ষ টাকা জরিমানা

**২৫ এপ্রিল ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের৪২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, গোপালগঞ্জ, ময়মনসিংহ, ফরিদপুর, কিশোরগঞ্জ, নরসিংদী, নেত্রকোণা, রাজবাড়ী, মুন্সীগঞ্জ, মাদারীপুর, গাজীপুর, পটুয়াখালী, রংপুর, কক্সবাজার, গাইবান্ধা, ঝিনাইদহ, খুলনা, দিনাজপুর, চাঁদপুর, পঞ্চগড়, মৌলভীবাজার, বাগেরহাট, নোয়াখালী, চুয়াডাঙ্গা, ভোলা, ফেনী, যশোর, ঠাকুরগাঁও, বগুড়া, কুমিল্লা, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, নওগাঁ ও বরিশালে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, জনাব রজবী নাহার রজনী ও ঢাকা জেলা কার্যালয়েরসহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক শাহবাগ ও চকবাজার এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে সিনডাল হোটেল, নিউ মৌলি, নিউ গেনজেস হোটেল, নিউ কোহিনুর কনফেকশনারীকে যথাক্রমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ঢাকা ফার্মা, সূপর্না ড্রাগল্যান্স, গাজী মেডিকেল হল, আর্শ ড্রাগ হাউজ, জাহিদ ফলের দোকান, বেলভু ফার্মাকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে আর্শ ড্রাগ হাউজ, ইউনাইটেড ড্রাগ স্টোরকে যথাক্রমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে লিটনের মাংসের দোকান, মান্নানের ফলের দোকান ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে অভিজাত ফার্মেসীকে১৫,০০০/- (পনের হাজার) টাকাসহ মোট **২,৫১,০০০/- (এক লক্ষ একান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালকজনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে৩টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ৫০০/- (পাচশত) টাকাসহ মোট **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৩৭টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৮৯টি** প্রতিষ্ঠানকে **৩,৩৭,৫০০/- (তিন লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রিরঅপরাধে **৬টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১০,০০০/- (দশ হাজার)** টাকা প্রদান করা হয়।

গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে **৪২টি** বাজার তদারকি ও **৬টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১১৩টি** প্রতিষ্ঠানকে মোট **৬,৩১,০০০/- (ছয় লক্ষ একত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১০,০০০/- (দশ হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটলিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।